



তারেক রহমানের আমন্ত্রণে বাংলাদেশে এসেছিলেন বিল গেটস: প্রেস সচিব



প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ এ এম সালেহ শিবলী। ছবি: বাসস

তারেক রহমানের আমন্ত্রণেই ২০০৪ সালে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস সংক্ষিপ্ত সফরে বাংলাদেশে এসেছিলেন—এমন তথ্য জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ এ এম সালেহ শিবলী। রোববার রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের এক প্রতিবেদনে বিষয়টি উঠে আসে। একটি নীতি সংলাপে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, যুক্তরাষ্ট্রে সাক্ষাতের সময় তারেক রহমান বিল গেটসকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। সেই আমন্ত্রণ গ্রহণ করেই তিনি ওই বছর স্বল্প সময়ের জন্য দেশে আসেন।

ঢাকার একটি ক্লাবে শনিবার সন্ধ্যায় অনুষ্ঠিত ‘বাংলাদেশের ডিজিটাল ভবিষ্যৎ গঠন: টেলিকম, ডেটা ও সাইবার সুরক্ষা বিল ২০২৬’ শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ আইসিটি স্টেকহোল্ডারস অ্যালায়েন্স (বিআইএসএ) এ অনুষ্ঠানের আয়োজন করে। প্রেস সচিব আরও বলেন, রাজনৈতিক মতভেদ থাকা স্বাভাবিক হলেও সেটি গণতান্ত্রিক চর্চার মধ্যেই থাকা উচিত। সাম্প্রতিক সময়ে অনলাইনে যে ধরনের ভাষা ব্যবহার করে সমালোচনা করা হচ্ছে, তা শালীনতার সীমা ছাড়িয়ে যাচ্ছে এবং সেটিকে বাকস্বাধীনতা বলা যায় না।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। বিশেষ অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন।

বিআইএসএ সভাপতি ফয়সাল আলিমের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম এবং সংগঠনের প্রধান উপদেষ্টা মোস্তাফা রফিকুল ইসলাম ডিউক।

এছাড়া সংলাপে আইসিটি খাতের উদ্যোক্তা, আইনবিদ এবং নীতিনির্ধারকরা অংশ নেন।